

ডিগ্রি পরীক্ষার ৩০টি খাতা উধাও!

রাজশাহী ব্যুরো

২৪ জুলাই ২০২৩ ১১:৩১ পিএম | আপডেট: ২৫ জুলাই ২০২৩ ১২:১১ এএম



জাতীয় বিশ্ববিদ্যালয়ের লোগো

advertisement..

এক পোস্ট অফিস থেকে আরেক পোস্ট অফিসে যাওয়ার পথে রাজশাহীর তানোর উপজেলার তালন্দ ললিত মোহন ডিগ্রি কলেজে কেন্দ্রে হওয়া ডিগ্রি পরীক্ষার ৩০টি খাতা উধাও হয়ে গেছে। তবে খাতাগুলো মাঝপথে পড়ে গেছে দাবি করে পোস্ট অফিস কর্তৃপক্ষ থানায় জিডি করেছে।

হারানো খাতাগুলো হলো -ডিগ্রি দ্বিতীয় বর্ষের রাষ্ট্রবিজ্ঞানের ২৩টি এবং একই বর্ষের উদ্ভিদ বিজ্ঞানের ৭টি উত্তরপত্র। গত ২৩ জুলাই এই দুটি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

advertisement

সংশ্লিষ্ট সূত্র জানায়, পরীক্ষা শেষে গতকাল রোববার দুপুরে উত্তরপত্র গুলো জাতীয় বিশ্ববিদ্যালয় পাঠানোর জন্য তানোর পোস্ট অফিসে বুকিং দেওয়া হয়। উত্তরপত্রের প্যাকেটগুলো সিলগালা করা ছিল। কিন্তু সন্ধ্যায় রাজশাহী মেইল প্রসেসিং সেন্টার থেকে কলেজ কর্তৃপক্ষকে জানানো হয় তানোর পোস্ট অফিস থেকে তাদের (রাজশাহী মেইল প্রসেসিং সেন্টার) অফিসে পৌঁছানোর রাস্তায় একটি প্যাকেটের উত্তরপত্র পড়ে গেছে। পরে আর সেগুলো খুঁজে পাওয়া যায়নি।

চাঁপাইনবাবগঞ্জ উপ-বিভাগীয় পোস্ট অফিসের পরিদর্শক মজিবুর রহমান এই ঘটনায় গতকাল রাতে তানোর থানায় একটি সাধারণ ডায়েরি করেন।

তবে তানোর পোস্ট অফিসের পোস্ট মাস্টার মুখলেছুর রহমান বলেন, যথাযথ নিয়ম অনুসরণ করে উত্তরপত্রগুলো সিলগালা অবস্থায় চুক্তিবদ্ধ গাড়ি চালকের মাধ্যমে রাজশাহী মেইল প্রসেসিং সেন্টারে পাঠানো হয়। পরে রাজশাহী মেইল প্রসেসিং সেন্টার থেকে জানানো হয়, একটি উত্তরপত্রের প্যাকেট পাওয়া যায়নি। যার নম্বর: ৩৫৯। এ ঘটনার পরপর তানোর থেকে রাজশাহীগামী সড়কে মাইকিং ও ব্যাপক প্রচারণা চালানো হয়।

রাজশাহী ডেপুটি পোস্টমাস্টার জেনারেল (ডিপিএমজি) মোহাম্মদ মনিরুজ্জামান বলেন, উত্তরপত্রগুলো উদ্ধারে জোরালো কার্যক্রম অব্যাহত রয়েছে।

অন্যদিকে, তানোর উপজেলা পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বিল্লাল হোসেন বলেন, ‘উত্তরপত্রগুলো কিভাবে হারিয়ে গেল তা জানার চেষ্টা চলছে। পোস্ট অফিসও তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি অবগত করেছি।’

এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান বলেন, পরীক্ষার খাতা হারানোর বিষয়টি তার জানা নেই।